দৈনিক খবর 144

তারিখ ... 22 SEP 1990 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

নিউজপ্রিন্টের মূল্য বৃদ্ধি

# আজ সারাদেশে ছাত্র ধর্মঘট আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

নিউজপ্রিন্টের মূল্য বৃদ্ধির প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন আজ শনিবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহবান করেছে।

ছাত্রলীগ (হা-অ), জাতীয়তাবাদী ছাত্রদল, নয়টি ছাত্র সংগঠন, ছাত্র ইউনিয়ন এবং জাতীয় ছাত্রলীগসহ বিভিন্ন ছাত্র সংগঠন নিউজপ্রিন্টের মূল্যবৃদ্ধির প্রতিবাদ অব্যাহত রেখেছে। মূল্য বৃদ্ধির প্রতিবাদে সংগঠনগুলো ইতিমধ্যে বিক্ষোভ মিছিল, সমাবেশ, স্মারকলিপি পেশের কর্মসূচী পালন করেছে। দেশের প্রায় সকল ছাত্র সংগঠন নিউজপ্রিন্টের মূল্য বৃদ্ধির সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে এবং অবিলম্বে এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে আজ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহবান করেছে।

ধর্মঘটের সমর্থনে গতকাল শুক্রবার বিভিন্ন ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ-সমাবেশের

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## আজ সারাদেশে

প্রথম পৃষ্ঠার পর

আয়োজন করে। ধর্মঘট উপলক্ষে আজ তারা পৃথক পৃথক সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করবে। ধর্মঘটকালে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সকল প্রকার একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে।